# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 15-07-2026** **Time: 7.35 AM**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় সরকার, রাজ্যে বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন প্রকল্পে ১২৫ দিনের কাজে আট হাজার ৫০৮ কোটি টাকা বরাদ্দ করেছে।

পূর্বতন সরকারের আমলে আটকে থাকা ৮২ হাজার ৪৯২ কোটি টাকা মূল্যের একাধিক প্রকল্পের কাজ শুরুর বিষয়ে পর্যালোচনা করা হয়েছে।

২) ভারত-ব্রিটেনের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি আজ থেকে কার্যকর হচ্ছে। এরই অঙ্গ হিসেবে, নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরে আজ একটি 'ফ্ল্যাগ অফ' কর্মসূচির সূচনা হবে।

৩) প্রশাসনিক কাজে স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন বদলি নীতি নিয়ে এলো রাজ্য সরকার।

৪) দুর্গাপুজোয় রাজনৈতিক দখলদারির বদলে পুজো কমিটিগুলির স্বাতন্ত্র ও স্বাধীনতা অক্ষুন্ন রাখা দরকার বলে বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন।

৫) উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিম বাংলাদেশের উপর আজকের মধ্যে একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা। এর ফলে আগামীকাল থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে।

-----------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার, রাজ্যে বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন বা ভিবি জি রামজি প্রকল্পে ১২৫ দিনের কাজে আট হাজার ৫০৮ কোটি টাকা বরাদ্দ করেছে। রাজ্যের অংশ জুড়লে টাকার পরিমাণ ১২ হাজার কোটি টাকা ছাড়াবে। কেন্দ্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান গতকাল নবান্নে এক পর্যালোচনা বৈঠকে বলেন, এর ফলে, শ্রমিকদের ন্যূনতম মজুরি বৃদ্ধি পাবে। ইতোমধ্যে ২ কোটি ৫৬ লক্ষ জব কার্ড দেওয়া হয়েছে বলেও তিনি জানান।

রাজ্যে পূর্বতন সরকারের আমলে রেল, সড়ক, মহাসড়ক, মেট্রো-সহ মোট ৮২ হাজার ৪৯২ কোটি টাকা মূল্যের গুরুত্বপূর্ণ পরিকাঠামোগত প্রকল্পের কাজ আটকে ছিল বলে শ্রী চৌহান অভিযোগ করেছেন। নতুন সরকারের শাসনে এই স্বল্প সময়েই পরিকাঠামোগত উন্নয়নে গতি সঞ্চার হয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

কৃষি মন্ত্রী আরও জানান, আবহাওয়া ও মাটির সঙ্গে সামঞ্জস্য রেখে রাজ্যে কৃষির উন্নয়নে কেন্দ্রীয় সরকার একটি আধুনিক ও বিজ্ঞানসম্মত রূপরেখা তৈরির কাজ শুরু করেছে। পরে সাংবাদিকদের শ্রী চৌহান বলেন, কৃষি বিশ্ববিদ্যালয় ও গবেষনা কেন্দ্রের সহযোগিতায় রাজ্য সরকারের সঙ্গে যৌথভাবে এই রূপরেখা তৈরির কাজ চলছে। বর্ষার মরসুমের কারণে প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পে সমীক্ষার কাজ শেষ করে প্রাপকদের তালিকা তৈরির সময়সীমা ১৫ই আগষ্ট পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

---------------------

কৃষিক্ষেত্রে আমূল পরিবর্তনের লক্ষ্যে পশ্চিমবঙ্গকে পূর্ব ভারতের ‘সিড হাব’ বা বীজ ভাণ্ডার হিসেবে গড়ে তোলা হবে বলে কেন্দ্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং

চৌহান জানিয়েছেন। নবান্নে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠকের পর তিনি জানান, উন্নত বীজ উৎপাদন থেকে শুরু করে গবেষণা, মৃত্তিকা বিশ্লেষণ এবং উচ্চমানের ফলের চারা তৈরিতে পশ্চিমবঙ্গকে নতুন কেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে।

বাইট – শিবরাজ সিং চৌহান

বৈঠককে ইতিবাচক উল্লেখ করে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, প্রথম দফায় রাজ্যের দার্জিলিং, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও আলিপুরদুয়ার জেলায় প্রধানমন্ত্রী ধনধান্য যোজনা চালু করার জন্যে কেন্দ্রের অনুমোদন পাওয়া গেছে। এছাড়াও স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের উন্নয়নে লাখপতি দিদি প্রকল্প নিয়েও তাঁদের মধ্যে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় দুই হাজার ৪০০ কিলোমিটার রাস্তা তৈরির জন্যে প্রথম দফায় কেন্দ্র সরকার এক হাজার কোটি টাকা বরাদ্দ করেছে বলে মুখ্যমন্ত্রী জানান।

বাইট শুভেন্দু

----------------------

আগামীদিনে পাট চাষের ক্ষেত্রে আমদানি নির্ভরতা কমিয়ে আনা হবে বলে কেন্দ্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন। উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরে আজ কেন্দ্রীয় পাট ও সহযোগী তন্তু অনুসন্ধান সংস্থা - আই সি এ আর ক্রাইজ্যাফে কৃষক – কৃষিবিজ্ঞানী এবং এসংক্রান্ত বিশেষজ্ঞদের সঙ্গে আলাপচারিতা অনুষ্ঠানে মন্ত্রী জানান, বর্তমানে প্রতি হেক্টর জমিতে ২৮ কুইন্টাল পাট উৎপাদন হয়। ২০৩১ সালে সেই মাত্রা বাড়িয়ে ৩২ কুইন্টাল ও ২০৪৭ সালে প্রতি হেক্টর জমিতে ৪০-৪৫ কুইন্টাল পাট উৎপাদনের লক্ষ্য নেওয়া হয়েছে। আগামীদিনে পাট বিদেশে

রফতানিও করা হবে। মন্ত্রী বলেন, মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য বন্ধ করে কৃষকদের যাতে আয় বাড়ে সেই লক্ষ্যে সরকার সচেষ্ট।

বাইট শিবরাজ

---------------------

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী শিবরাজ চৌহান আজ হাওড়ার বোটানিক্যাল গার্ডেন পরিদর্শন করেন। বিশিষ্ট ভারতীয় বিজ্ঞানী আচার্য জগদীশ চন্দ্র বসুর মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করেন তিনি। কেন্দ্রের এক পেড় মা কে নাম অভিযানের অঙ্গ হিসেবে, শ্রী চৌহান লাল চন্দন গাছের একটি চারাও রোপণ করেন মন্ত্রী।

---------------------

ভারত-ব্রিটেনের (UK) মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি আজ থেকে কার্যকর হচ্ছে। এই উপলক্ষ্যে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের উদ্যোগে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে এক কর্মসূচির আয়োজন করা হয়েছে।

এরই অঙ্গ হিসেবে, ভারত-ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তির সূচনাকে স্মরণীয় করে রাখতে আজ বিকেলে কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমানবন্দরে একটি ‘ফ্ল্যাগ অফ’ কর্মসূচির সূচনা করা হবে।

ডায়ক্টরেট জেনারেল অব ফরেন ট্রেড জেম অ্যান্ড জুয়েলারি এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল, কাস্টমস কর্তৃপক্ষ, ভারতের বিমানবন্দর প্রাধিকরণ এবং এই কাজের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বেশ কয়েকটি প্রতিষ্ঠানের সঙ্গে মিলিতভাবে কলকাতা থেকে ব্রিটেনের অভিমুখে পণ্য পাঠানোর কাজ আনুষ্ঠানিকভাবে শুরু করবে।

---------------------

প্রশাসনিক কাজে স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নতুন বদলি নীতি নিয়ে এলো রাজ্য সরকার। মূলত জেলায় কর্মরত আধিকারিকদের ক্ষেত্রে এই বদলি নীতি প্রযোজ্য হবে। সম্প্রতি প্রশাসনের পক্ষ থেকে এই সংক্রান্ত নির্দেশিকা জারি করে বলা হয়েছে, কোনও আধিকারিককে তাঁর নিজের জেলায় পোস্টিং দেওয়া হবে না। তবে অবসরের দুই বছর আগে প্রশাসনিক প্রয়োজন অনুযায়ী নিজের জেলায় পোস্টিং দেওয়া যেতে পারে।

কোনও আধিকারিক একই পদে টানা তিন বছর কাজ করলে তাঁকে বদলি করা হয়। কোনও অবস্থাতেই চার বছরের বেশি একই পদে রাখা হবে না। তবে যাঁরা রাজস্ব আদায়, কর আদায় বা অন্যান্য সংবেদনশীল দায়িত্বে আছেন, তাঁদের কোনও ভাবেই ৩ বছরের বেশি একই দায়িত্বে রাখা হবে না।

প্রশাসনিক জরুরি প্রয়োজন, ব্যক্তিগত অসুবিধা বা অন্য কোনো বিশেষ পরিস্থিতিতে সংশ্লিষ্ট দপ্তরের অনুরোধে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর এই নিয়মে ছাড় দিতে পারবে।

---------------------

রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী সুমনা সরকার আয়ুর্বেদিক চিকিৎসাকে প্রত্যেক মানুষের কাছে পৌঁছে দিতে সংশ্লিষ্ট সব পক্ষের প্রতি আবেদন জানিয়েছেন। কলকাতায় গতকাল বঙ্গীয় আয়ুর্বেদ চিকিৎসা সংঘ ও রাজ্য আয়ুর্বেদ মহাসম্মেলন পশ্চিমবঙ্গের যৌথ উদ্যেগে কবিরাজ গঙ্গাধর রায়ের ২২৮ তম জন্ম বার্ষিকী উদযাপন অনুষ্ঠান উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে ভিডিও বার্তায় তিনি এই আবেদন জানান। আচার্য গঙ্গাধর রায়ের জন্মদিনকে সামনে রেখে আগামীদিনে আয়ুর্বেদ চিকিৎসা আরো প্রসারিত করা সম্ভব বলে তিনি মত প্রকাশ করেন।

বাইট

---------------------

দুর্গাপুজো কোনো রাজনৈতিক দলের নয়, এক সর্বজনীন উৎসব। এক্ষেত্রে রাজনৈতিক দখলদারির বদলে পুজো কমিটিগুলির স্বাতন্ত্র ও স্বাধীনতা অক্ষুন্ন রাখা দরকার বলে বিজেপি রাজ্য সভাপতি সাংসদ শমিক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন। গতকাল সমাজমাধ্যমে এক পোস্টে তিনি বলেন, কোনো বিধায়ক বা মন্ত্রী নিজের এলাকার কোনো পুজো কমিটির গুরুত্বপূর্ণ পদে থাকতেই পারেন, কিন্তু তার অর্থ এই নয় যে, একের পর এক পুজোর দায়িত্ব রাজনৈতিক দলের নেতারা নিজেদের হাতে তুলে নেবেন। কলেজ স্কোয়ার পুজো কমিটির সভাপতি পদে তিনি থাকতে পারেন বলে যে জল্পনা হচ্ছে, তা খারিজ করে দিয়ে শমিক ভট্টাচার্য্য বলেন, কোনো পুজো কমিটির পরিচালনার দায়িত্বই তিনি নেবেন না।

---------------------

প্রায় ২০ বছর পর কলকাতায় আসছেন তসলিমা নাসরিন। আগামী পয়লা আগষ্ট রবীন্দ্র সদনে একটি অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। অনুষ্ঠানের অন্যতম আয়োজক সংগঠন সেক্যুলার মিশনের তরফে কলকাতা হাইকোর্টের আইনজীবী  ওসমান মল্লিক আকাশবাণী কে জানিয়েছেন, রাজ্যের প্রগতিশীল মানুষের দীর্ঘ প্রতীক্ষার অবসান হতে চলেছে। এর সঙ্গে রাজনীতির কোন যোগ নেই জানিয়ে তিনি বলেন সরকারের তরফে তার নিরাপত্তা নিশ্চিত করতে সব রকম ব্যবস্থা নেওয়া হচ্ছে ।

উল্লেখ্য, ২০০৭ সালে তসলিমার ‘দ্বিখণ্ডিত’ উপন্যাসের প্রকাশ ঘিরে উত্তাল হয়ে উঠেছিল মহানগর। পরিস্থিতি সামাল দিতে তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য সেনা

মোতায়েন করতে বাধ্য হন। রাজ্য সরকার তসলিমার বিতর্কিত ওই বইটিতে নিষেধাজ্ঞা জারি করে। এরপর তাকে কলকাতা ছেড়ে চলে যেতে হয়।

---------------------

রাজ্যে গতকাল থেকে শুরু হয়েছে অরণ্য সপ্তাহ। গণ উন্নয়ন পর্ষদের উদ্যোগে গতকাল এক সচেতনতামূলক অনুষ্ঠানের মাধ্যমে এই অরণ্য সপ্তাহ উদযাপনের শুভসূচনা করা হয়। সারা সপ্তাহ জুড়েই তাদের নানা কর্মসূচি রয়েছে। এই উপলক্ষ্যে, গণ উন্নয়ন পর্ষদের অধিকর্তা সুতপা সরকার বলেন, তাঁদের লক্ষ্যই হলো আগামী প্রজন্মকে অরণ্যের প্রয়োজনীয়তা সম্পর্কে আরও সচেতন করে সবুজ পৃথিবী গড়ে তোলা। অনুষ্ঠানে, জাতীয় গ্রন্থাগারের প্রাক্তন অধিকর্তা এবং ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশনের বিজ্ঞান ও সংস্কৃতি বিভাগের সম্পাদক অধ্যাপক সুধেন্দু মন্ডল, বিজয়গড় জ্যোতিষ রায় কলেজের অধ্যক্ষ ড রাজর্ষি নিয়োগী প্রমুখ উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই উপলক্ষ্যে গতকাল কলকাতায় কলকাতায় অরণ্য সপ্তাহের সূচনা করে বলেন, এবছর ৭ কোটি ২০ লক্ষ বৃক্ষরোপণের যে লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে তার মধ্যে পরিবেশ দিবসে ৯ লক্ষ চারাগাছ রোপণ করা হয়েছে।

ব্যাপক বনসৃজনের মাধ্যমে রাজ্যের পরিবেশ রক্ষা, অরণ্য সম্পদ তৈরি এবং জঙ্গলের জীবজন্তু রক্ষা করতে হবে। শুধু গাছ লাগালেই হবে না, সেই গাছকে রক্ষণাবেক্ষণের দায়িত্বও নিতে হবে বলেও মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করে।

---------------------

উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিম বাংলাদেশের উপর আজকের মধ্যে একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। রাজ্যের উপর দিয়ে সক্রিয় মৌসুমী অক্ষরেখা বিস্তৃত থাকায় বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস। আগামীকাল থেকে

দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমান আরো কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

এদিকে উত্তরবঙ্গে দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় রয়েছে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা।

--------------------- ---------------------